# বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ ডেন্টাল ইউনিটে এমবিবিএস/বিডিএস কোর্সে মেধাবী-অসচ্ছল কোটায় শিক্ষার্থী নির্বাচন গাইডলাইন

বেসরকারি মেডিকেল কলেজ ও ডেন্টাল কলেজ আইন, ২০২২ এর ১৫(৫) ধারা মতে- প্রত্যেক বেসরকারি মেডিকেল কলেজ বা ডেন্টাল কলেজের ৫(পাঁচ) শতাংশ আসন অসচ্ছল মেধাবী শিক্ষার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। উক্ত ধারার বিধান অনুযায়ী উপযুক্ত শিক্ষার্থী বাছাই করার লক্ষ্যে এ গাইডলাইন প্রণয়ন করা হলো।

## ০১. নামকরণ ও প্রযোজ্যতা

ক) এ গাইডলাইন "বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ ডেন্টাল ইউনিটে এমবিবিএস/বিডিএস কোর্সে মেধাবী-অসচ্ছল কোটায় শিক্ষার্থী নির্বাচন গাইডলাইন" নামে অভিহিত হবে।

খ) এ গাইডলাইন ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ ডেন্টাল ইউনিটে এমবিবিএস/বিডিএস কোর্সে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য হবে।

## ০২. আবেদনের যোগ্যতা

মেধাবী-অসচ্ছল শিক্ষার্থীদের জন্য সংরক্ষিত আসনে ভর্তির জন্য আবেদনের যোগ্যতা নিম্নরূপ:

ক) বেসরকারি মেডিকেল কলেজ/ ডেন্টাল কলেজ/ ডেন্টাল ইউনিটে মেধাবী-অসচ্ছল কোটায় সংরক্ষিত আসনে ভর্তিচ্ছু শিক্ষার্থীকে জাতীয়ভাবে অনুষ্ঠিত এমবিবিএস ও বিডিএস কোর্সের ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

খ) শিক্ষার্থীর অভিভাবককে আর্থিকভাবে অসচ্ছল হতে হবে।

## ০৩. আবেদন প্রক্রিয়া

মেধাবী-অসচ্ছল শিক্ষার্থীদের জন্য সংরক্ষিত আসনে ভর্তির আবেদন প্রক্রিয়া হবে নিম্নরূপ:

ক) মেধাবী-অসচ্ছল শিক্ষার্থীদের জন্য সংরক্ষিত আসনে ভর্তির লক্ষ্যে বেসরকারি চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠানে এমবিবিএস/বিডিএস কোর্সে ভর্তির আবেদনের সময়সীমার মধ্যে অনলাইনে আবেদন করতে হবে।

খ) ভর্তিচ্ছু শিক্ষার্থীগণকে সরকার নির্ধারিত ওয়েব লিংকে (http://dgme.teletalk.com.bd) প্রদর্শিত কলেজ/ইউনিট হতে পছন্দক্রম উল্লেখ করে আবেদন করতে হবে।

গ) আবেদনে ভর্তিচ্ছু শিক্ষার্থীকে তার অভিভাবকের বাৎসরিক আয়, স্থাবর সম্পত্তির আর্থিক মূল্যমান এবং অন্যান্য তথ্য অনলাইন আবেদনের নির্ধারিত ট্যাবে ড্রপ ডাউন বক্স হতে নির্ধারণ (Select) করে অঙ্গীকারনামায় ক্লিক করতে হবে।

## ০৪. নির্বাচন পদ্ধতি

(১) **পূর্ণমান/ স্কোরিং**:

মেধাবী-অসচ্ছল শিক্ষার্থীদের জন্য সংরক্ষিত আসনে শিক্ষার্থী বাছাইয়ের পূর্ণমান হবে ১০০, যার বিভাজন হবে নিম্নরূপ:

(ক) জাতীয় ভাবে অনুষ্ঠিত এমবিবিএস/বিডিএস কোর্সের ভর্তি পরীক্ষায় শিক্ষার্থীর প্রাপ্ত নম্বরের আলোকে নির্ধারিত নম্বর: ৬০

(খ) শিক্ষার্থীর অভিভাবকের আর্থিক সক্ষমতার তথ্য ও বিবরণীর আলোকে নির্ধারিত নম্বর: ৪০।

(২) **প্রাপ্ত নম্বর নির্ধারণ:**

মেডিকেল কলেজ বা ডেন্টাল কলেজ/ ইউনিটে ভর্তিচ্ছু শিক্ষার্থীর ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের সাথে ০.৬ গুণ করে ৪(১)(ক) অংশের নম্বর নির্ধারণ করা হবে। উদাহরণস্বরূপ, ১০০ নম্বরের ভর্তি পরীক্ষায় কোনো পরীক্ষার্থী ৯০ নম্বর প্রাপ্ত হলে এক্ষেত্রে তার প্রাপ্ত নম্বর হবে ৯০X ০.৬ = ৫৪।

**০৫. অভিভাবকের আর্থিক সক্ষমতার মাত্রা নির্ধারণ:**

৪(১)(খ) অংশের স্কোর নিম্নরূপ প্রক্রিয়ায় নির্ধারণ করা হবে-

(ক) মেধাবী-অসচ্ছল শিক্ষার্থীদের জন্য সংরক্ষিত আসনে ভর্তিচ্ছু শিক্ষার্থীর অভিভাবকের আর্থিক সক্ষমতার মাত্রা পরিমাপের জন্য নিম্নোক্ত মানদণ্ডসমূহ বিবেচ্য হবে:

(i) পিতা,মাতা কিংবা আইনগত অভিভাবকের বার্ষিক আয়

(ii) স্থাবর সম্পত্তির মূল্যমান

(iii) সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতাভুক্ত উপকারভোগীর/ প্রতিবন্ধী পিতামাতার/ বিধবা মাতার সন্তান/ এতিম শিক্ষার্থী কি না?

(iv) সরকার নির্ধারিত দুর্গম এলাকার শিক্ষা প্রতিষ্ঠান হতে উত্তীর্ণ শিক্ষার্থী কি না?

(v) সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানসমূহের জাতীয় বেতনক্রমের ১৭-২০ তম গ্রেডের বেতনভুক্ত কর্মচারীর বা সমপর্যায়ের বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত কর্মচারীর সন্তান অথবা ক্ষুদ্র ব্যবসায়ী/প্রান্তিক কৃষক/ মৎস্যজীবী/ অন্যান্য নিম্ন আয়ের শ্রমজীবীর সন্তান কি না?

(খ) **অভিভাবকের বার্ষিক আয় বিবেচনায় মান নির্ধারণ:**

অভিভাবকের বার্ষিক আয়ের ক্ষেত্রে পূর্ণমান হবে '১০' (দশ)। নিম্নে বর্ণিত ছকে প্রদত্ত আর্থিক মূল্যমান এর বিপরীতে নির্ধারিত মান অনুযায়ী অভিভাবকের বার্ষিক আয়ের ক্ষেত্রে শিক্ষার্থীর প্রাপ্ত নম্বর নির্ধারণ করা হবে:

অভিভাবকের বার্ষিক আয়: (পূর্ণমান -১০)

| ক্রম | বার্ষিক আয় (টাকা) | নির্ধারিত নম্বর |
|---|---|---|
| ০১ | ৩,৬০,০০০ এর উর্ধ্বে | ০ |
| ০২ | ৩,০০,০০১- ৩,৬০,০০০ | ২ |
| ০৩ | ২,৪০,০০১-৩,০০,০০০ | ৪ |
| ০৪ | ১,৮০,০০১ – ২,৪০,০০০ | ৬ |
| ০৫ | ১,২০,০০১ - ১,৮০,০০০ | ৮ |
| ০৬ | ১,২০,০০০ বা এর নিম্নে | ১০ |

বার্ষিক আয় নির্ধারণের ক্ষেত্রে পিতা, মাতা (যদি উপার্জনশীল হন) উভয়ের আয়, পিতা-মাতা না থাকলে পরিবারের অপর কোন উপার্জনশীল অভিভাবকের বা আইনগত কোন অভিভাবকের আয় গণ্য হবে।

**(গ) অভিভাবকের স্থাবর সম্পত্তির আর্থিক মূল্যমানের মান নির্ধারণ:**

শিক্ষার্থীর অভিভাবকের স্থাবর সম্পত্তির মূল্যমান বিবেচনায় মূল্যায়নের পূর্ণমান হবে '১০' (দশ) । নিম্নবর্ণিত ছকে প্রদত্ত আর্থিক মূল্যমান এর বিপরীতে নির্ধারিত মান অনুযায়ী অভিভাবকের স্থাবর সম্পত্তির মূল্যমান বিবেচনায় শিক্ষার্থীর প্রাপ্ত নম্বর নির্ধারণ করা হবে।

অভিভাবকের স্থাবর সম্পত্তির মূল্যমান: (পূর্ণমান -১০)

| ক্রম | আর্থিক মূল্যমান (টাকা) | নির্ধারিত নম্বর |
|---|---|---|
| ০১ | ১৫,০০,০০০ এর উর্ধ্বে | ০ |
| ০২ | ১২,০০,০০১ – ১৫,০০,০০০ | ২ |
| ০৩ | ৯,০০,০০১ – ১২,০০,০০০ | ৪ |
| ০৪ | ৬,০০,০০১ - ৯,০০,০০০ | ৬ |
| ০৫ | ৩,০০,০০১ - ৬,০০,০০০ | ৮ |
| ০৬ | ৩,০০,০০০ বা এর নিম্নে | ১০ |

(ঘ) সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতাভুক্ত উপকারভোগীর/ প্রতিবন্ধী পিতামাতার/ বিধবা মাতার সন্তান/ এতিম শিক্ষার্থীর ক্ষেত্রে পূর্ণমান হবে '০৮' (আট)।

[উদাহরণস্বরূপ, কোনো শিক্ষার্থী সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতাভুক্ত উপকারভোগীর/ প্রতিবন্ধী পিতামাতার/ বিধবা মাতার সন্তান/ এতিম হলে শিক্ষার্থীর প্রাপ্ত নম্বর হবে '০৮', অন্যথায় '০']

[উল্লিখিত ক্ষেত্রে পিতা অথবা মাতা অথবা বৈধ অভিভাবকের যে কোনো একজনের কার্ড/সনদ বিবেচিত হবে।]

(ঙ) সরকার নির্ধারিত দুর্গম এলাকার শিক্ষা প্রতিষ্ঠান হতে উত্তীর্ণ শিক্ষার্থীর ক্ষেত্রে পূর্ণমান হবে '০৪' (চার)।

[উদাহরণস্বরূপ, কোনো শিক্ষার্থী যদি সরকার নির্ধারিত দুর্গম এলাকার শিক্ষা প্রতিষ্ঠান হতে উত্তীর্ণ হয় তাহলে তার প্রাপ্ত নম্বর হবে '০৪', অন্যথায় '০']

(চ) সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানসমূহের জাতীয় বেতন স্কেলের গ্রেড ১৭-২০ এর বেতনভুক্ত কর্মচারীর বা সমপর্যায়ের বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত ব্যক্তির সন্তান

অথবা

ক্ষুদ্র ব্যবসায়ী/প্রান্তিক কৃষক/ মৎস্যজীবী/ অন্যান্য নিম্ন আয়ের শ্রমজীবীর সন্তানের ক্ষেত্রে পূর্ণমান হবে '০৮' (আট)।

[উদাহরণস্বরূপ, কোনো ভর্তিচ্ছু শিক্ষার্থী যদি সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানসমূহের জাতীয় বেতন স্কেলের গ্রেড ১৭-২০ এর বেতনভুক্ত কর্মচারীর বা সমপর্যায়ের বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত ব্যক্তির সন্তান অথবা ক্ষুদ্র ব্যবসায়ী/প্রান্তিক কৃষক/ মৎস্যজীবী/ অন্যান্য নিম্ন আয়ের শ্রমজীবীর সন্তান হয়, সেক্ষেত্রে শিক্ষার্থীর প্রাপ্ত নম্বর হবে '০৮', অন্যথায় '০']

[উল্লিখিত ক্ষেত্রে পিতা অথবা মাতা অথবা বৈধ অভিভাবকের যে কোনো একজনের পেশা বিবেচিত হবে।]

**০৬. ভর্তিচ্ছু শিক্ষার্থীর অভিভাবকের আর্থিক সচ্ছলতা সংক্রান্ত প্রমাণক দাখিল এবং যাচাইকরণ**

**(i)** ভর্তিচ্ছু শিক্ষার্থীর অভিভাবকের আর্থিক সচ্ছলতা পরিমাপের ক্ষেত্রে নিম্নলিখিত প্রমাণকসমূহ দাখিল করতে হবে;

ক) স্থাবর সম্পত্তির মূল্যমানের প্রমাণকের জন্য সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি) এর প্রত্যয়নপত্র;

খ) বার্ষিক আয়ের সপক্ষে সংশ্লিষ্ট ক্ষেত্রে ব্যাংক হিসাব/ বেতন বিবরণী/ অন্য কোন গ্রহণযোগ্য প্রমাণক;

গ) সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতাভুক্ত উপকারভোগীর/ প্রতিবন্ধী পিতামাতার/ বিধবা মাতার সন্তানের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের ইস্যুকৃত সামাজিক নিরাপত্তা কার্ড/ উপযুক্ত প্রমাণক;

ঘ) দুর্গম এলাকার শিক্ষা প্রতিষ্ঠান হতে উত্তীর্ণ শিক্ষার্থীদের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের ১৯/০২/২০১৯ তারিখের ০৪.০০.০০০০.৫১২.৩৫.০১১.১৭.৭৬ সংখ্যক প্রজ্ঞাপনে নির্ধারিত দুর্গম এলাকার তালিকা অনুযায়ী তথ্য অনলাইনে আবেদন ফর্মের ড্রপডাউনে নির্বাচন করতে হবে;

ঙ) এতিম শিক্ষার্থী প্রমাণের জন্য স্থানীয় সমাজসেবা কার্যালয়ের প্রত্যয়নপত্র;

চ) অন্যান্য শ্রমজীবী/ নিম্ন আয়ের মানুষের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/ পৌরসভা/ সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত উপযুক্ত প্রমাণক (এ ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট/নোটারী পাবলিকের ঘোষণাপত্র প্রযোজ্য হবে না।);

ছ) বাবা-মায়ের পেশা যাচাইয়ের জন্য আবেদন ফর্মে NID নম্বর সংযোজন করতে হবে;

জ) সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানসমূহের জাতীয় বেতন স্কেলের গ্রেড ১৭-২০ এর বেতনভুক্ত কর্মচারী বা সমপর্যায়ের বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত ব্যক্তির নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত আয় সংক্রান্ত প্রত্যয়ন, বার্ষিক বেতন বিবরণী, ব্যাংক হিসাব বিবরণী ও পেনশন বিবরণী (প্রযোজ্য ক্ষেত্রে) দাখিল করতে হবে।

**(ii)** সকল আবেদন তালিকাভুক্ত করে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর নির্ধারিত ফর্মসহ (পরিশিষ্ট-ক) যাচাই এর জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তার নিকট প্রেরণ করবে। অত:পর উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা যথাযথভাবে যাচাইপূর্বক যৌথ স্বাক্ষরে প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করবে। তবে মহানগর এলাকার ক্ষেত্রে '২০২৫-২৬ শিক্ষাবর্ষে এমবিবিএস এবং বিডিএস কোর্সে শিক্ষার্থী ভর্তির জাতীয় নীতিমালা'-এর ১৩.৩ অনুচ্ছেদ অনুসারে গঠিত কেন্দ্রীয় ভর্তি কমিটি আবেদনসমূহ যাচাই-বাছাই করে প্রতিবেদন স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করবে।

**০৭. মেধাবী-অসচ্ছল কোটায় শিক্ষার্থী নির্বাচন চূড়ান্তকরণ:**

ক) মেধাবী-অসচ্ছল শিক্ষার্থীদের জন্য সংরক্ষিত আসনে আবেদনকারীদের মধ্য হতে অনুচ্ছেদ ০৪ এর আলোকে অভিভাবকের আর্থিক সচ্ছলতা বিবেচনায় প্রাপ্ত নম্বর এবং ভর্তি পরীক্ষার প্রাপ্ত নম্বর এর ভিত্তিতে মেধাবী-অসচ্ছল শিক্ষার্থীদের সংরক্ষিত আসনের জন্য পছন্দের ক্রম উল্লেখপূর্বক কেন্দ্রীয় ভর্তি কমিটি কর্তৃক নির্ধারিত সংখ্যক শিক্ষার্থীর প্যানেল প্রস্তুত করে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের অনুমোদনক্রমে ওয়েবসাইটে প্রকাশ করবে।

খ) সংশ্লিষ্ট মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজের পরিচালনা পর্ষদ কর্তৃক স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশিত তালিকা হতে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের সাক্ষাৎকার গ্রহণ করত: এই গাইডলাইনের আলোকে প্রকৃত মেধাবী- অসচ্ছল শিক্ষার্থী নির্বাচন করতে হবে।

গ) মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজে মেধাবী-অসচ্ছল শিক্ষার্থীদের জন্য সংরক্ষিত আসনে ভর্তির জন্য পরিচালনা পর্ষদ কর্তৃক চূড়ান্তকৃত শিক্ষার্থীদের তালিকা স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর এবং স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে প্রেরণ করতে হবে।

ঘ) মেধাবী-অসচ্ছল শিক্ষার্থীদের জন্য সংরক্ষিত আসনে ভর্তিচ্ছু শিক্ষার্থীর দাখিলকৃত তথ্য/ দালিলিক প্রমাণক মিথ্যা বা ভুল প্রমাণিত হলে তার আবেদন/ কলেজ মনোনয়ন বাতিল বলে গণ্য হবে এবং প্রযোজ্য ক্ষেত্রে দ্বিতীয়বার এমবিবিএস/বিডিএস কোর্সে ভর্তির আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবে।

**০৮. বিবিধ**

(ক) বেসরকারি মেডিকেল কলেজ এবং ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিটসমূহে মেধাবী-অসচ্ছল শিক্ষার্থীদের সংরক্ষিত আসনে ভর্তির জন্য ভর্তি পরীক্ষার আবেদনে উল্লিখিত তথ্যাবলী কেন্দ্রীয়ভাবে নির্ধারিত সফটওয়্যার দ্বারা স্বয়ংক্রিয়ভাবে যাচিত হবে।

(খ) মেধাবী-অসচ্ছল কোটায় আবেদনকারীগণ পরবর্তীতে কোনোভাবেই স্ব-অর্থায়নে ভর্তির জন্য বিবেচিত হবে না।

(গ) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এই গাইডলাইনের শর্তসমূহ সময়ে সময়ে যৌক্তিকভাবে পুন:নির্ধারণ করতে পারবে।

(ঘ) এই গাইডলাইন জারি হওয়ার পর বেসরকারি মেডিকেল কলেজ এবং ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিটসমূহে মেধাবী-অসচ্ছল শিক্ষার্থীদের সংরক্ষিত আসনে ভর্তি সংক্রান্ত পূর্ববর্তী সকল গাইডলাইন বাতিল বলে গণ্য হবে। তবে পূর্ববর্তী গাইডলাইনের অধীন কোন কাজ বা ব্যবস্থা চলমান থাকলে, তা উক্ত গাইডলাইনের বিধান অনুসারে নিষ্পত্তি করতে হবে।

(ঙ) এই গাইডলাইনে উল্লেখ নাই এমন কোন বিষয়ে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এর সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

স্বাক্ষরিত/-
(মো: সাইদুর রহমান)
সচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

পরিশিষ্ট- ক

ছবি

## বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ ডেন্টাল ইউনিটে এমবিবিএস/বিডিএস কোর্সে মেধাবী-অসচ্ছল কোটায় শিক্ষার্থী নির্বাচন যাচাই ফর্ম

নাম :
ভর্তি পরীক্ষার রোল নং :
পিতা/ অভিভাবকের নাম :
স্থায়ী ঠিকানা :
মোবাইল নং :
ই-মেইল :

| বিষয় | শিক্ষার্থী কর্তৃক প্রদত্ত তথ্য | যাচাইয়ে প্রাপ্ত তথ্য | মন্তব্য |
|---|---|---|---|
| অভিভাবকের বার্ষিক আয় | | | |
| অভিভাবকের স্থাবর সম্পত্তি | | | |
| সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতাভুক্ত উপকারভোগীর/ প্রতিবন্ধী পিতামাতার/ বিধবা মাতার সন্তান/ এতিম শিক্ষার্থী কি না? | | | |
| সরকারি/আধা-সরকারি/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানসমূহের জাতীয় বেতন স্কেলের গ্রেড ১৭-২০ এর বেতনভুক্ত কর্মচারীর বা সমপর্যায়ের বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত ব্যক্তির সন্তান<br>অথবা<br>ক্ষুদ্র ব্যবসায়ী/প্রান্তিক কৃষক/ মৎস্যজীবী/ অন্যান্য নিম্ন আয়ের শ্রমজীবীর সন্তান কিনা? | | | |
| সরকার নির্ধারিত দুর্গম এলাকার শিক্ষা প্রতিষ্ঠান হতে উত্তীর্ণ শিক্ষার্থী কি না? | | | |

উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা

উপজেলা নির্বাহী অফিসার